



দাউদকান্দি (কুমিল্লা) : আদর্শ নিকেতন স্কুলে স্মার্ট কার্ডের হাজিরা নিশ্চিত করছে শিক্ষার্থীরা

ইত্তেফাক

দাউদকান্দিতে মাল্টিমিডিয়া ক্লাস রুম উদ্বোধন

■ হাবিবুর রহমান হাবিব, দাউদকান্দি (কুমিল্লা) সংবাদদাতা
দাউদকান্দি আদর্শ শিশু নিকেতনে ওয়েব সাইটের মাধ্যমে ফলাফল প্রকাশ, স্মার্টকার্ডের মাধ্যমে ছাত্র-ছাত্রীর হাজিরা গ্রহণ এবং মাল্টিমিডিয়া প্রোগ্রামের মাধ্যমে পাঠদান উদ্বোধন করেন দাউদকান্দি উপজেলা চেয়ারম্যান মেজর মোহাম্মদ আলী সুমন (অব.)।

বিদ্যালয়ের অধ্যক্ষ মাহবুবুল আলম সরকারের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দাউদকান্দি উপজেলা নির্বাহী অফিসার মুহাম্মদ আসাদুজ্জামান। বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন সহকারী কমিশনার ভূমি এএইচএম মাহফুজুর রহমান। এ ছাড়া অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন উপজেলা আওয়ামী লীগ সভাপতি আহসান হাবিব চৌধুরী লিঙ্গ মিয়া, পৌর মেয়র আব্দুস সাত্তার, দাউদকান্দি প্রেসক্লাবের সভাপতি মো. হাবিবুর রহমান হাবিব এবং আইটি বিশেষজ্ঞ এসএম নাহিদুর রহমান।